অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে ব্যবসার খাতিরে প্রেবেশের জন্য কানাডার টিকাকরণ শংসাপত্র গ্রহণ করার ঘোষণা দিয়েছেন

নিউ ইয়র্ক স্টেট এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরের কোন সত্তার মধ্যে প্রথম শংসাপত্র আদান-প্রদানের প্রতিনিধিত্ব করে

সাতটি কানাডিয় প্রদেশ/অঞ্চল থেকে প্রদানকৃত কোভিড -19 টিকার সার্টিফিকেট স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ দিয়ে যাচাই করা যাবে

আজ পর্যন্ত 6.6 মিলিয়নের বেশি এক্সেলসিয়র পাস দেওয়া হয়েছে, যার মধ্যে 1 মিলিয়নের বেশি এক্সেলসিয়র পাস প্লাস অন্তর্ভুক্ত

এক্সেলসিয়র পাস প্লাস এখন নিউ ইয়র্ক বাসীদের বুস্টার বা বাড়তি টিকার তথ্য সহ হালনাগাদ করা হয়েছে

যোগ্য নিউ ইয়র্কবাসীরা তাদের এক্সেলসিয়র পাস প্লাস এখান থেকে সংগ্রহ করতে পারবেন

দেশজুড়ে সংস্থা এবং ব্যবসাসমূহ এখান থেকে বিনামূল্যে এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ডাউনলোড করতে পারবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে কানাডিয় প্রদেশ এবং অঞ্চলের প্রদানকৃত যেসব ডিজিটাল কোভিড -19 টিকাকরণ শংসাপত্র স্মার্ট হেলথ কার্ডের (SMART Health Cards) বিশেষ শর্তাবলী অনুসরণ করে সেগুলিকে অবিলম্বে স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশনে গ্রহণ করা হবে। মার্কিন যুক্তরাষ্ট্র - কানাডার সীমান্ত পুনরায় খোলার পর, অর্থ হল সম্পূর্ণ টিকা প্রাপ্ত কানাডিয় নাগরিকগণ ব্যবসার খাতিরে নিউ ইয়র্কে প্রবেশ করতে তাদের গ্রহণযোগ্য শংসাপত্র ব্যবহার করতে পারবেন। 9 নভেম্বর পর্যন্ত, কানাডার সাতটি প্রদেশ এবং অঞ্চল এমন টিকাকরণ শংসাপত্র প্রদান করে যা স্টেটের বিধি-বিধান মেনে চলে। এর মধ্যে রয়েছে কুইবেক, ম্যানিটোবা, ইয়ুকন, সাস্ক্যাচুয়ান, নোভা স্কোশিয়া, নর্থওয়েস্ট টেরিটোরিজ, নিউফাউন্ডল্যান্ড এবং ল্যাব্রাডর। বাড়তি কানাডিয় প্রদেশ এবং অঞ্চল এই পথ অনুসরণ করবে বলে আশা করা হচ্ছে এবং দ্রুতই সে ঘোষণা দেওয়া হবে।

"নিউ ইয়র্ক স্টেট আমাদের কানাডিয়ান প্রতিবেশীদের সাথে এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশনের সমঞ্জস্যতা নিশ্চিত করার ব্যাপারে কাজ করতে পেরে গর্বিত", **গভর্নর হোকল বলেন।** "সীমান্ত আবার খুলে যাওয়ার পর, এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব গুরুত্বপূর্ণ ব্যবসা, বাণিজ্য এবং অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম ফিরে আসা ত্বরান্বিত করবে। এটি অনেক কানাডিয়ানের জন্য যারা এখন নিরাপদে ফিরে আসতে পারবে-এবং নিউ ইয়র্কের যেসব ব্যবসা এবং কর্পোরেশন তাদের নিয়োগকর্তা এবং তাদের পুনরায় স্বাগত জানাতে প্রস্তুত, তাদের জন্য উল্লেখযোগ্য একটি খবর। আমাদের এক্সেলসিয়র পাস প্লাটফর্মের চলমান উন্নয়নের কারণে, নিউ ইয়র্ক স্টেট ব্যক্তি এবং ব্যবসার জন্য বর্তমান এবং ভবিষ্যৎ পরিস্থিতির প্রয়োজনীয়তা পূরণ করে এমন সরঞ্জাম তৈরি করা চালিয়ে যাচ্ছে।"

গভর্নর হোকলের 5 অক্টোবরের ঘোষণা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশন এমন অন্যান্য পাসের যাচাইকরণের জন্য হালনাগাদ করা হয়েছে যেগুলি স্টেটের 'ইস্যু করার মান' পূরণ করে। এই মানগুলি ফেডারেল এবং স্টেটের কোভিড-19 গণস্বাস্থ্য নির্দেশনা অনুযায়ী সম্পূর্ণভাবে টিকাকৃত ব্যক্তির সংজ্ঞা অন্তর্ভুক্ত করে, যার মধ্যে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) এর অনুমোদিত কোভিড-19 টিকা সমূহ অন্তর্ভুক্ত। মার্কিন-যুক্তরাষ্ট্র বহির্ভূত টিকাকরণ শংসাপত্র গ্রহণ অগ্রসর করার মাধ্যমে, কানাডিয়ান অধিবাসী যারা অ্যাস্ট্রাজেনেকা/অক্সফোর্ড কোভিড-19 টিকা পেয়েছেন এবং একটি সামঞ্জস্যপূর্ণ শংসাপত্র ধারণ করেন তারা স্টেটজুড়ে তাদের ডিজিটাল সার্টিফিকেট ব্যবহার করতে পারবেন।

খাওয়ার নাসিম, নিউ ইয়র্কে কানাডার ভারপ্রাপ্ত কনসাল জেনারেল বলেন, "যেহেতু অনেক কানাডিয়ান নিউ ইয়র্কে ফিরে আসছেন এর বিভিন্ন আকর্ষণ পরিদর্শন করতে, পরিবার-পরিজনের সাথে পুনর্মিলিত হতে এবং আমাদের ব্যবসায়িক সম্পর্ক জোরদার করতে, তাই প্রাদেশিক এবং আঞ্চলিক টিকাকরণের শংসাপত্র এক্সেলসিয়র পাস স্ক্যানার দিয়ে স্বীকৃত হওয়ার কারণে আমি আনন্দিত এবং কৃতজ্ঞ।"

মারটিন হেবার্ট, নিউ ইয়র্কে কুইবেক ডেলিগেট জেনারেল বলেন, "আমরা খুবই আনন্দিত যে কুইবেক সরকার এবং নিউ ইয়র্ক স্টেটের মাঝে অনুষ্ঠিত বহু আলোচনা একটি সফল সহযোগিতার পথ খুলে দিয়েছে যার ফলে কুইবেকের ভ্যাক্সিকোড (VaxiCode) এবং এক্সেলসিয়র পাস একে অপরকে স্বীকৃতি দেবে। এটি কুইবেক-কানাডা-নিউ ইয়র্কের আরেকটি ফলপ্রসূ সম্পরকের অসাধারণ একটি উদাহরণ, এবং আমরা আমাদের শক্তিশালী এবং সমৃদ্ধ বন্ধন সুদৃঢ় করতে কাজ চালিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।"

আজ পর্যন্ত, এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ 163,000 এর বেশি বার ডাউনলোড করা হয়েছে - যা নিউ ইয়র্ক জুড়ে হাজার হাজার ব্যবসার একত্রীকরণের প্রতিনিধিত্ব করে যারা সহজে এবং সুচারুরূপে একজন ব্যক্তির টিকাকরণের স্ট্যাটাস যাচাই করার জন্য এক্সেলসিয়র পাস ব্যবহার করা চালিয়ে যাচ্ছে। স্ক্যানার অ্যাপ্লিকেশনের সক্ষমতা বৃদ্ধি ব্যবসাসমূহকে নিউ ইয়র্ক স্টেটের বাইরে থেকে আসা আরও বেশি পৃষ্ঠপোষককে গ্রহণ করার সুযোগ প্রদান করে। আজকের ঘোষণার অনুসরণ করে, সাতটি কানাডিয়ান প্রদেশ এবং অঞ্চলের পাশাপাশি, এতে মার্কিন

যুক্তরাষ্ট্রের অন্যান্য স্টেট থেকে ইস্যু করা পাসও অন্তর্ভুক্ত, যেমন ক্যালিফোর্নিয়া, কলোরাডো, ডেলাওয়্যার, লুইজিয়ানা, ভার্জিনিয়া এবং ওয়াশিংটন স্টেট।

নিউ ইয়র্ক স্টেট দেশের মধ্যে প্রথম স্টেট ছিল যা 2021 সালের মার্চ মাসে কোভিড-19 টিকা এবং নেগেটিভ টেস্টের প্রমাণের শংসাপত্র সিস্টেম চালু করে। আজ পর্যন্ত 6.6 মিলিয়নের বেশি এক্সেলসিয়র পাস দেওয়া হয়েছে যার মধ্যে 1 মিলিয়নের বেশি এক্সেলসিয়র পাস প্লাস অন্তর্ভুক্ত। আজকের হালনাগাদকরণের অংশ হিসাবে, নিউ ইয়র্কবাসীরা যারা তাদের কোভিড-19 টিকার বুস্টার বা বাড়তি ডোজ পেয়েছেন তারা তাদের এক্সেলসিয়র ভ্যাক্সিনেশন পাস প্লাস নিতে পারবেন - যা, একটি ব্যক্তির টিকাকরণের একটি নিরাপদ কপি হওয়ার কারণে মেয়াদোত্তীর্ণ হয় না। যেসব নিউ ইয়র্কবাসী পূর্বে তাদের এক্সেলসিয়র ভ্যাক্সিনেশন পাস প্লাস পেয়েছেন তারা epass.ny.gov এ গিয়ে যেকোনো সময়ে তাদের নতুন পাস প্লাস পেতে পারেন। ব্যক্তিরা তারা যতগুলি পাসের জন্য যোগ্য ততগুলি পাস ধারণ করতে পারবেন।

যখন স্টেট নিউ ইয়র্কবাসী এবং ব্যবসার প্রয়োজনের ভিত্তিতে এক্সেলসিয়র পাস সমাধানের নকশা অভিযোজন এবং সম্প্রসারণ চালিয়ে যাচ্ছে, অন্য স্টেট এবং সত্তাকে ইন্টারঅপারেবল সমাধানের উন্নয়ন ত্বরান্বিত করতে সহায়তা প্রদান করা হচ্ছে। 27 অক্টোবর, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস ব্লুপ্রিন্টের (New York State's Excelsior Pass Blueprint) উপলভ্যতা ঘোষণা করেন - যা এক্সেলসিয়র পাস প্লাটফর্মের উপর ভিত্তি করে অন্য স্টেট এবং সরকারকে ডিজিটাল স্বাস্থ্য শংসাপত্র উন্নয়নে সাহায্য করার জন্য দেশের প্রথম ফ্রেমওয়ার্ক। ব্লুপ্রিন্টের প্রকাশনার পর, নিউ ইয়র্ক স্টেট আগ্রহিদের বাড়তি সংস্থান এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করার জন্য বিভিন্ন ভার্চুয়াল অনুষ্ঠান এবং ওয়েবিনারের আয়োজন করবে।

নিউ ইয়র্ক স্টেটের বাইরে ব্যবহার করা যায় এমন একটি পাস এবং/অথবা তাদের বুস্টার বা বাড়তি টিকার তথ্য সম্বলিত একটি পাস পেতে আগ্রহী নিউ ইয়র্কবাসীদের তাদের এক্সেলসিয়র ভ্যাক্সিনেশন পাস প্লাস এখান থেকে সংগ্রহ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

সংস্থা এবং ব্যবসা সমূহ এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ— যা দেশজুড়ে যেকোনো ব্যবসার জন্য বিনামূল্য এবং দশটির বেশি ভাষায় উপলভ্য - এবং নিউ ইয়র্ক স্টেটের বিশ্বস্ত ইস্যুকারী (Trusted Issuers) ফ্রেমওয়ার্ক সম্পর্কে এখানে আরও জানতে পারবে। নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস ব্লুপ্রিন্ট ডাউনলোড করতে এখানে এই লিংক ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন